বিশ্ব নগর পরিকল্পনা দিবস ২০১৪
World Town Planning Day 2014

সমতাভিত্তিক নগরঃ সামাজিক সম্প্রীতি
Equality in the City: Making Cities Socially Cohesive

Bangladesh Institute of Planners (BIP)

In Association with

UNDP Bangladesh
Sheltech (Pvt.) Ltd.

World Town Planning Day 2014

Equality in City: Making Cities Socially Cohesive

Organizing Committee:

Planner Prof. Dr. Golam Rahman	Advisor
Planner Dr. Zahid Hossain Khan	Advisor
Planner Prof. Dr. Akhter Husain Chowdhury	Advisor
Planner Prof. Dr. Akter Mahmud	Convener
Planner Muhammad Ariful Islam	Member Secretary
Planner Md. Saifulla Dostogir	Member
Planner Md. Moinul Islam	Member
Planner Mohammad Rasel Kabir	Member
Planner Md. Shahinoor Rahman	Member
Planner Md. Hasibul Kabir	Member
Planner Mohammed Maksudur Rahman	Member
Planner Khondaker M Ansar Hossain	Member

Sub Committees

Name of the Committee	Members
Media & Communication	01. Planner Prof. Dr. Akter Mahmud (Convener) 02. Planner Muhammad Ariful Islam
Rally Sub Committee	01. Planner Muhammad Ariful Islam (Convener) 02. Planner Yousuf Mahid 03. Md. Rayhanul Islam 04. Jyoti Bikash Das 05. Subir Biswas
Souvenir Sub Committee	01. Planner Md. Shahinoor Rahman (Convener) 02. Planner Bayes Ahmed
Finance Sub Committee	01. Planner Md. Saifulla Dostogir (Convener) 02. Planner Prof. Dr. Md. Akter Mahmud 03. Planner Muhammad Ariful Islam
Event Management Sub Committee	01. Planner Prof. Dr. Akter Mahmud (Convener) 02. Planner Muhammad Ariful Islam 03. Planner Mohammad Rasel Kabir

Poster & Photo Competition & Exhibition Sub Committee	01.	Planner Md. Hasibul Kabir (Convener)
	02.	Planner Prof. Dr. Akter Mahmud
	03.	Planner Muhammad Ariful Islam
	04.	Planner Md. Aminur Rahman
	05.	Planner Md. Shahinoor Rahman
Message Collection, Invitation & Supplement Sub Committee	01.	Planner Prof Dr. Akter Mahmud (Convener)
	02.	Planner Md. Hasibul Kanir
	03.	Planner Md. Shahinoor Rahman

Editor:
Planner Md. Shahinoor Rahman

Cover Design:
A.B.M. Morshedul Hasan
MURP Student, DURP, JU

Published by:
Bangladesh Institute of Planners (BIP)
08 November 2014

[The Editor, the Editorial Board or the Publisher assume no responsibility for the information and opinion expressed in the papers by the authors]

Printed at:
Skylark Printers
278/2, Elephant Road
Kataban Dhal, Dhaka 1205

ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এম.পি
মন্ত্রী
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

বাণী

প্রতি বছরের ন্যায় এ বছরও বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের উদ্যোগে বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশ যথাযথ গুরুত্বের সাথে 'বিশ্ব নগর পরিকল্পনা দিবস' উদ্‌যাপিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের (বিআইপি)এ উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ উপলক্ষে বিআইপি'র সকল সদস্যকে জানাই আন্তরিক শুভেচ্ছা।

সভ্যতার ক্রমবিকাশে নগরায়নের ভূমিকা অপরিসীম। পরিকল্পিত নগরায়নের মাধ্যমে নাগরিক সুবিধাসমূহের সুষম বন্টন একটি গুরুত্বপুর্ণ বিষয়। এ প্রেক্ষাপটে এ বছর বিশ্ব নগর পরিকল্পনা দিবসের প্রতিপাদ্য নির্বাচন করা হয়েছে 'উঁয়ধষরঃু রহ ঃযব ঈরঃু, গধশরহম ঈরঃরবং ঝড়পরধষষু ঈড়যবংরাব.' এর বাংলা রূপ দেয়া হয়েছে 'সমতাভিত্তিক নগর ও সামাজিক সম্প্রীতি'। জাতীয় অগ্রগতির ক্রমধারায় দেশের ক্রমবর্ধমান নগরায়নের প্রেক্ষাপটে নির্বাচিত প্রতিপাদ্যটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ এবং সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

যে কোন একটি নগরের সম্প্রসারণের সাথে সাথে নানা শ্রেণি পেশার, ধর্ম ও বর্ণ এবং বিভিন্ন বয়সের মানুষের সমাগম ঘটে। অপরিকল্পিত নগরায়নের ফলে অধিবাসীদের মধ্যে শ্রেণি বৈষম্য বৃদ্ধি পায়। ফলে সকল শ্রেণির অধিবাসী নাগরিক সুযোগ-সুবিধা সমানভাবে পায় না এবং সামাজিক সম্প্রীতি বাঁধাগ্রস্থ হয়। তাই নগর পরিকল্পনায় শ্রেণি বৈষম্য কমিয়ে এনে সামাজিক সম্প্রীতি বজায় রাখার দিকে বিশেষ দৃষ্টি দিতে হবে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে নগর ও শহরকে পরিকল্পিতভাবে এবং সমতার ভিত্তিতে উন্নয়নের ধারায় সম্পৃক্ত করতে হবে।

বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় নগরায়ন সব সময়ই একটি বড় নিয়ামক হিসেবে ভূমিকা পালন করে আসছে। তবে উন্নয়নের সর্বোচ্চ সুফল পেতে প্রয়োজন নাগরিকদের অংশগ্রহণের মাধ্যমে সমন্বিত উন্নয়ন পরিকল্পনা গ্রহণ। বর্তমান সরকার রাজধানী শহরের পাশাপাশি দেশের ছোট, মাঝারি ও বড় শহরের অবকাঠামো উন্নয়ন নিশ্চিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে। দেশের উন্নয়নের জন্যই পরিকল্পিত এবং বাসযোগ্য নগর এখন সময়ের দাবি। এ বিষয়ের প্রতি গুরুত্ব দিয়ে দেশের প্রতিটি শহর পরিকল্পিতভাবে গড়ে তোলার ক্ষেত্রে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সদস্যগণ আরো উদ্যোগী ভূমিকা পালন করবেন বলে আমার বিশ্বাস।

আমি বিশ্ব নগর পরিকল্পনা দিবস-২০১৪ এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,
বাংলাদেশ চিরজীবী হোক

ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, এমপি

United Nations Development Programme

জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী

Empowered lives. Resilient nations.

World Town Planning Day 2014

Message

I would like to congratulate Bangladesh Institute of Planners (BIP) and its partners, for organizing a comprehensive programme to mark the World Town Planning Day 2014. This year's theme, *Equality in the City: Making Cities Socially Cohesive*, is particularly relevant for Bangladesh, which is experiencing one of the highest urbanization rates in the world.

Projections show that urbanization combined with the overall growth of the world's population could add another 2.5 billion people to urban populations by 2050, with close to 90 percent of the increase concentrated in Asia and Africa, according to a new United Nations report launched in July this year.

By 2025, the UN predicts that Dhaka will be home to more than 20 million people — larger than Mexico City, Beijing or Shanghai. As a result, these countries will face numerous challenges in meeting the needs of their growing urban populations, including for housing, infrastructure, transportation, energy and employment, as well as for basic services such as education and health care.

Every year on World Town Planning Day, countries across the globe engage in activities that remind us that managing urban areas has become one of the most important development challenges of the 21st century. However, if well managed, cities offer important opportunities for economic development and for expanding access to basic services, including health care and education, for large numbers of people. For example, UNDP, in partnership with the Bangladesh government has developed a community based poverty reduction model through Urban Partnership for Poverty Reduction (UPPR) that has proved effective in tackling urban poverty.

UNDP is pleased to be part of the celebration of the World Town Planning Day 2014 in Bangladesh. I am sure different activities and discussions of the event will draw the attention of national policymakers to affirm the need for improved planning systems, to achieve balanced and equitable urban development.

I wish the organizers of the World Town Planning Day 2014 a worthwhile event and hope that UNDP, with other stakeholders will work together in establishing a better 'urban future' for Bangladesh.

Pauline Tamesis
Resident Representative a.i.

সভাপতি
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স

বাণী

আজ বিশ্ব নগর পরিকল্পনা দিবস। পৃথিবীর অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও যথাযোগ্য গুরুত্বের সাথে দিবসটি পালিত হচ্ছে। বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে পরিকল্পিত নগরায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় এ দিবসটি উদ্‌যাপন অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে আমি মনে করি।

বর্তমানে বাংলাদেশ নানান সমস্যায় জর্জরিত। দারিদ্র্য এবং অশিক্ষাসহ বহুবিধ সমস্যার আবর্তে প্রতিনিয়ত ঘুরপাক খাচ্ছে বাংলাদেশ। চাকরি ও অন্যান্য সুযোগ সুবিধার আশায় শহরমুখী মানুষের চাপ সামাল দেয়া সম্ভব হচ্ছে না। ফলে সীমিত সম্পদের উপর অত্যাধিক চাপ সৃষ্টি হচ্ছে এবং পরিণতিতে অপরিকল্পিত নগরায়ন হচ্ছে। নির্বিচারে নদী, খাল ও জলাশয় ভরাট, বনভূমি এবং কৃষিভূমি ধ্বংস করে নগর এলাকায় রূপান্তরের ফলে পরিবেশগত ভারসাম্য নষ্ট হয়ে যাচ্ছে। নগরায়ন সভ্যতার মাপকাঠি হিসেবে বিবেচিত হলেও অপরিকল্পিত নগরায়ন একটি সভ্যতার ধ্বংস ডেকে আনে যা কোনক্রমেই কাম্য নয়। অপরিকল্পিত উন্নয়নের ভয়াবহ অভিঘাত প্রতিনিয়ত নাগরিক জীবনকে বিক্ষত করলেও এর থেকে পরিত্রাণের জন্য পরিকল্পিত ও সুসমন্বিত উন্নয়নের সুফল মানুষ এখনও সম্যক অবগত নয়। পরিকল্পিত নগরায়নের মাধ্যমে চাহিদা ও সাম্যের নিরীখে সীমিত সম্পদের সুষম ব্যবহার নিশ্চিত করেই কেবল এ সমস্যা থেকে উত্তরণ সম্ভব। তবে কেবল রাজধানী ঢাকা এবং বিভাগীয় শহরের পরিকল্পনা করলেই হবে না, সেই সাথে সকল জেলা/পৌরসভা, উপজেলা, ইউনিয়ন ও অন্যান্য শহরের সাথে গ্রাম সমূহকে কম্প্যাক্ট সেটেলমেন্টের আওতায় এনে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করে এই লক্ষ্য পূরণ সম্ভব হতে পারে।

এবছর বিশ্ব নগর পরিকল্না দিবসের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে **Equality in the City: Making Cities Socially Cohesive** বা **সমতাভিত্তিক নগর: সামাজিক সম্প্রীতি** । 'উন্নয়নের নামে মানুষের অবিবেচনা প্রসূত অপরিকল্পিত কর্মকান্ড কাঙ্খিত উন্নয়নের পথে দূর্লঙ্ঘ বাধা হয়ে দাঁড়াচ্ছে' - এই তথ্যটি জনগণকে জানানো এবং তাদের সচেতন ও সম্পৃক্ত করার মাধ্যমেই কেবল আমাদের পরিকল্পিত তথা কাঙ্খিত উন্নয়ন নিশ্চিত হতে পারে।

আমাদের পরবর্তী প্রজন্মের জন্য সুন্দর ও নিরাপদ নগর ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, আঞ্চলিক পরিকল্পনা গ্রহণ, মাঝারি শহর অবকাঠামো উন্নয়ন ও নিম্ন আয়ের জনগোষ্ঠীর জন্য আবাসন নিশ্চিতকরণসহ পরিবহন সংকট নিরসন, ট্রাফিক ব্যবস্থার উন্নয়ন, আইন শৃংখলার উন্নয়ন ও সর্বোপরি নগরের সকল সেবামূলক উন্নয়ন কর্মকান্ডের বাস্তবায়ন জরুরী। এ লক্ষ্যে সরকারী বেসরকারী পর্যায়ে সকলের অংশগ্রহণ ও সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

আমি 'বিশ্ব নগর পরিকল্পনা দিবস-২০১৪' এর সার্বিক সাফল্য কামনা করছি।

Grahman

(অধ্যাপক ড. গোলাম রহমান)

সম্পাদকীয়

বিশ্বের উন্নত ও উন্নয়নশীল দেশ মিলিয়ে বহু দেশে বিশ্ব নগর পরিকল্পনা দিবস ২০১৪ পালিত হচ্ছে। বিশ্ব নগর পরিকল্পনা দিবস ২০১৪ এর প্রতিপাদ্য নির্বাচন করেছে, **Equality in the City: Making Cities Socially Cohesive** বা **সমতাভিত্তিক নগর: সামাজিক সম্প্রীতি**। যা বাংলাদেশের প্রেক্ষিতে অত্যন্ত তাৎপর্য্যপূর্ণ। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.) ২০০৮ সন থেকে নিয়মিত বিশ্ব নগর পরিকল্পনা দিবস পালন করে আসছে।

বংলাদেশ পৃথিবীর অন্যতম ঘনবসতিপূর্ণ একটি দেশ এবং দ্রুততর গতিতে অপরিকল্পিতভাবে নগরায়ণ প্রক্রিয়া চলছে। নগর জনসংখ্যা ১৯৫০ সালে ১.৯ মিলিয়ন থেকে ২০১০ সালে ৪৬.১ মিলিয়নে দাঁড়ায়। ষাট বছরে ৪.৩ শতাংশ হার থেকে লাফিয়ে এই হিসাব ২৮.১ শতাংশে উন্নীত হয় (UNDP-২০১১) এবং আশা করা হচ্ছে, আগামী ২০৪৫ সালে বাংলাদেশের মোট জনসংখ্যার অর্ধেক নগরবাসীতে রূপান্তরিত হবে। এ কথা অনস্বীকার্য যে, সভ্যতার ক্রমবিকাশে নগরায়নের ভূমিকা অপরিসীম। একটি নগরের অধিবাসীদের জন্য পরিকল্পনার মাধ্যমে নাগরিক সুবিধা সমূহের সুষম বন্টন একটি গুরুত্বপূর্ণ বিষয়। একটি নগরের বৃদ্ধির সাথে সাথে নানা শ্রেণী পেশার, বিভিন্ন ধর্মের এবং বিভিন্ন বয়সের মানুষের সমাগম ঘটে। অপরিকল্পিত নগরায়ন নগরীতে শ্রেণী বৈষম্য সৃষ্টি করে ফলে সকল নাগরিক রাষ্ট্রের কাছ থেকে সমানভাবে সুযোগ-সুবিধা পায় না। যার ফলশ্রুতিতে সামাজিক সম্প্রীতি বাধাগ্রস্ত হয়। তাই নগর পরিকল্পনার মাধ্যমে শ্রেণী বৈষম্য কমিয়ে এনে সামাজিক সম্প্রীতি ধরে রাখা আজ আমাদের লক্ষ্য হওয়া উচিত। দেশের আপামর জনসাধারণের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য সকল নগর ও শহরকে পরিকল্পিতভাবে এবং সমতার ভিত্তিতে উন্নয়নের ধারায় সম্পৃক্ত করতে হবে। বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় নগরায়ন সবসময়ই একটি বড় নিয়ামক হিসেবে ভূমিকা পালন করে আসছে। তবে উন্নয়নের সর্বোচ্চ পর্যায়ের সুফল পেতে এই মুহূর্তে আমাদের সর্বাগ্রে প্রয়োজন আঞ্চলিক পর্যায়ে দেশের নাগরিকদের অংশগ্রহণের মাধ্যমে সমন্বিত উন্নয়ন পরিকল্পনা গ্রহণ। দেশের উন্নয়নের জন্যই পরিকল্পিত এবং সকলের বাসযোগ্য নগর এখন সময়ের দাবী। এই দাবীকে মেনে নিয়ে প্রত্যেকটি শহর পরিকল্পিতভাবে গড়ে উঠুক, পরিকল্পনার আলো সর্বত্র ছড়িয়ে পড়ুক- এই প্রত্যাশা করছি।

এবারের বিশ্ব নগর পরিকল্পনা দিবস ২০১৪ উদ্‌যাপনে যে সকল প্রতিষ্ঠান এবং ব্যক্তির উৎসাহ এবং সহযোগিতা পেয়েছি তাঁদের সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং ইউএনডিপি বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর বিশ্ব নগর পরিকল্পনা দিবসের সুভ্যেনির প্রকাশনায় তাঁদের মূল্যবান বাণী প্রদান করায় তাদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।

সুভ্যেনির প্রকাশের জন্য যারা প্রবন্ধ দিয়ে সহযেগিতা করেছেন তাঁদের প্রতি আন্তরিক ধণ্যবাদ এবং কৃতজ্ঞতা প্রকাশ করছি। একই সাথে ক্রোড়পত্র প্রকাশ এবং গোল টেবিল বৈঠক আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদানের দৈনিক প্রথম আলো পরিবারের প্রতি রইল আন্তরিক অভিনন্দন এবং ধন্যবাদ।

বিশ্ব নগর পরিকল্পনা দিবস ২০১৪ এর বিভিন্ন কর্মসূচী প্রচার ও প্রকাশের ব্যবস্থা করার জন্য প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়ার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের নিকট বি.আই.পি. আন্তরিকভাবে কৃতজ্ঞ। পরিশেষে বিশ্ব নগর পরিকল্পনা দিবস ২০১৪ উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচীতে সহযোগিতার জন্য বি.আই.পি.-র সম্মানিত সকল সদস্যবৃন্দের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি।

মোঃ শাহিনুর রহমান
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স
০৮ নভেম্বর ২০১৪